

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা-১০০০

www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩২

২৭ কার্তিক ১৪২৫

তারিখ : -----

১১ নভেম্বর ২০১৮

বৈদেশিক মুদ্রা লেনদেনের সকল

অনুমোদিত ডিলার ব্যাংক

প্রিয় মহোদয়,

বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Service) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ হতে সফটওয়্যার, আইটিইএস (Information Technology Enabled Service) ও হার্ডওয়্যার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকি প্রদান সংশ্লিষ্ট এফই সার্কুলার নং ০৩, তারিখ ০৮ ফেব্রুয়ারি ২০১৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত এফই সার্কুলারের ৫(খ) অনুচ্ছেদ আংশিক সংশোধনপূর্বক জানানো যাচ্ছে যে, ২০১৭-১৮ অর্থ বছরে জাহাজীকৃত/রপ্তানিকৃত ভর্তুকি প্রদানযোগ্য পণ্য/সেবার বিপরীতে যেসব ভর্তুকির আবেদন এফই সার্কুলার নম্বর ০৩, তারিখ ০৮ ফেব্রুয়ারি ২০১৮ জারীর পূর্বে রপ্তানিমূল্য প্রত্যাবাসনের নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা সম্ভব হয়নি সেসব আবেদন এ সার্কুলার জারীর তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় দাখিল করা যাবে।

বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৬২৫